দৈনিক ইত্তেফাক

তারিখ 23 MAR 1994
পৃষ্ঠা ১২ কলাম ৬

142

# সরকারী কলেজ শিক্ষকদের সংগঠনে পাল্টাপাল্টি বহিষ্কার

ইত্তেফাক রিপোর্ট ॥ সংগঠনের সভাপতির পদ হইতে কামাল আতাউর রহমানকে বহিষ্কারের পর সরকারী কলেজ অধ্যাপক ও প্রভাষক সমিতির নেতৃবৃন্দ গতকাল (মঙ্গলবার) দুপুরে শিক্ষা সচিব ইরশাদুল হকের সহিত শিক্ষা ব্যবস্থা উন্নয়ন ও দাবী-দাওয়া লইয়া আলোচনা করেন। গতকাল বিকালে ঢাকা কলেজে ঝিনাইদহের কে এম এইচ কলেজের অধ্যাপক আবদুর রশীদ মণ্ডলের সভাপতিত্বে আয়োজিত সরকারী কলেজ শিক্ষকদের বর্ধিত সভার পর করটিয়া কলেজের আবদুল মজিদকে অধ্যাপক সমিতির ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্ব প্রদান করিয়াছে। পরে নূতন সভাপতির নেতৃত্বে কেন্দ্রীয় ও জেলাসমূহের নেতৃবৃন্দ শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকারের সহিত আলোচনা করেন।

এদিকে কামাল আতাউর রহমান ও ভারপ্রাপ্ত দুই মহাসচিব ২৬ মার্চ মীরপুর সরকারী বাঙলা কলেজে সকাল ১০টায় সংগঠনের সংকট ও অচলাবস্থা নিরসনের জন্য "বিশেষ জাতীয় সম্মেলন" আয়োজন করিতেছেন। বদিউল আলম, ওমর ফারুক, শামসুন্নাহার জামান, মোঃ মহিউদ্দিন, ইসমতআরা বেগম, আলতাফ হোসেন প্রমুখের উপস্থিতিতে সংগঠনের এ অংশ এক জরুরী সভায় অধ্যাপক সমিতির মহাসচিব পদ হইতে মমতাজ বেগম ও অধ্যাপক আউয়াল খানকে প্রভাষক সমিতির পদ হইতে বহিষ্কার ও সাধারণ সদস্য পদ বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়।